



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd



নং ৩৮.১০১.০১৮.০০.০০.০০১.২০১৭- ৫৫৫

তারিখ: ২২ পৌষ, ১৪২৭।
২৭ ডিসেম্বর, ২০২০।

অফিস আদেশ

জনাব মো: ইবনে মিজান, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা শিক্ষা অফিস, পাটগ্রাম, লালমনিরহাট এর বিরুদ্ধে (মামলানং-০৮) মাদক দ্রব্য নিয়ন্ত্রন আইন ১৯৯০ এর ১৯ টেবিলের ৯(ক) ধারা-৩ উপধারা মোতাবেক তাঁর বিরুদ্ধে হাতীবান্দা থানা অফিসার ইনচার্জ কর্তৃক ০৮/০৬/২০১৭ তারিখ পুলিশ কর্তৃক ধৃত হয়ে জেল হাজতে প্রেরণ করায় বি এস আর ১ম খন্ডের ৭৩(২) বিধি এবং সংস্থাপন মন্ত্রণালয়ের স্মারক নং- ইউডি (রেগড)১২৩/৭৮/১১৫(৫০০), তারিখ: ২১/১১/৭৮ অনুযায়ী তাঁকে, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ২২ জুন ২০১৭ তারিখের ৩৮.১০১.০১৮.০০.০০.০০১.২০১৭.৮৬০(১০) স্মারক মূলে ০৮/০৬/২০১৭ তারিখ থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। পরবর্তীতে তাঁকে লালমনিরহাট জেলার বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত-২, মহোদয়ের আদেশনং-৪৪, তারিখ: ২৭/০২/২০২০ মোতাবেক উক্ত ধারার অভিযোগ হতে খালাস প্রদান করেন। উক্ত আদেশের প্রেক্ষিতে জনাব ইবনে মিজান সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার সহ আরোপিত দণ্ড আদেশ হতে অব্যাহতির জন্য কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করেন এবং তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার, কাজে যোগদানের অনুমতি ও বকেয়া বেতন ভাতাদি প্রদানের জন্য বিজ্ঞ সলিসিটর, সলিসিটর উইং আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় ও বিজ্ঞ এটর্নী জেনারেল অফিস ভবন বাংলাদেশ সুপ্রীম কোর্ট থেকে মতামত গ্রহন করা হয়।

এমতাবস্থায় জনাব মো: ইবনে মিজান, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা শিক্ষা অফিস, পাটগ্রাম, লালমনিরহাট এর প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ২২ জুন ২০১৭ তারিখের ৩৮.১০১.০১৮.০০.০০.০০১.২০১৭.৮৬০(১০) নং স্মারক মূলে ০৮/০৬/২০১৭ তারিখের সাময়িকভাবে বরখাস্ত আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হলো। তাঁর সাময়িক বরখাস্তকালীন অনুপস্থিতিকাল কর্তব্য কর্মকাল হিসেবে গণ্য করে বকেয়া বেতন ভাতা ও চাকরি সংক্রান্ত অন্যান্য সুবিধাদি বিধি মোতাবেক পরিশোধ করার অনুমতি প্রদান করা হলো।

এ বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

মোঃ আব্দুল আলীম

সহকারী পরিচালক(প্রশাসন-১)

ফোন:০২-৫৫০৭৪৯২০

Section.dpel@gmail.com

নং ৩৮.১০১.০১৮.০০.০০.০০১.২০১৭- ৫৫৫(১০)

তারিখ: ২২ পৌষ, ১৪২৭।
২৭ ডিসেম্বর, ২০২০।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলোঃ

- ১। পরিচালক, আই.এম.ই.ডি শাখা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
(আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ সহ)।
- ২। উপপরিচালক, (তদন্ত ও শৃংখলা), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর/ময়মনসিংহ বিভাগ।
- ৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, লালমনিরহাট জেলা।
- ৪। উপজেলা শিক্ষা অফিসার/হিসাব রক্ষণ অফিসার, পাটগ্রাম, লালমনিরহাট।
- ৫। শিক্ষা অফিসার, সমন্বয় ও তত্ত্বাবধায়ন সেল, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
(আদেশটি প্রাথমিক শিক্ষা ওয়েব সাইটে প্রকাশের বিষয়টি নিশ্চিত করনের জন্য অনুরোধ সহ)।
- ৬। পিএ টু পরিচালক(প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর(পরিচালক প্রশাসন মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। জনাব মো: ইবনে মিজান, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা শিক্ষা অফিস, পাটগ্রাম, লালমনিরহাট।
- ৮। সংরক্ষণ নথি।
- ৯। গার্ড ফাইল।

মোঃ আব্দুল আলীম

সহকারী পরিচালক(প্রশাসন-১)

ফোন:০২-৫৫০৭৪৯২০

Section.dpel@gmail.com

২৭/১২/২০২০

২৭/১২/২০২০